

ফাতওয়া নাম্বার: ২২০

প্রকাশকাল: ১৯-১২-২০২১ ইং

লাল বা হলুদ খেজাব ব্যবহার করার হুকুম কী?

প্রশ্ন:

বয়সের কারণে যদি চুল সাদা হয়ে যায়, তাহলে কালো রং করা তো নাজায়েয। কিন্তু লাল রং করা কি জায়েয?

উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله وكفى وسلام على عباده الذين اصطفى أما بعد

বয়সের কারণে পাকা চুলে কাল খেজাব ব্যবহার করা নাজায়েয, যেমনটি আপনি বলেছেন। তবে লাল বা হলুদ খেজাব ব্যবহার করা নাজায়েয নয়; বরং সুন্নাত। এবিষয়ে অনেকগুলো সহীহ হাদীস বর্ণিত হয়েছে। নিম্নে আমরা কয়েকটি হাদীস উল্লেখ করছি, এক.

عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ -صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ- قَالَ « إِنَّ الْيَهُودَ وَالنَّصَارَى لَا يَصْبُغُونَ فَخَالِفُوهُمْ ». -صحيح مسلم للنيسابوري (6 / 155), الرقم:

5632، ط. دار الجيل بيروت + دار الأفاق الجديدة . بيروت

“আবু হুরায়রা রাদি. থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, ইহুদি নাসারারা খেজাব ব্যবহার করে না। তোমরা তাদের উল্টো করো।” -সহীহ মুসলিম ৫৬৩২

দুই.

عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ قَالَ أَبِي قُحَافَةَ يَوْمَ فَتَحَ مَكَّةَ وَرَأَسُهُ وَلِحْيَتُهُ كَاللَّعَامَةِ بَيَاضًا فَقَالَ رَسُولُ اللَّهِ -صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ- « غَيِّرُوا هَذَا بِشَيْءٍ

وَاجْتَبَيْتُوا السَّوَادَ . - صحیح مسلم للنیسابوری (6/ 155)، الرقم: 5631،

ط. دار الجیل بیروت + دار الأفاق الجديدة. بیروت

“জাবের বিন আব্দুল্লাহ রাদি. থেকে বর্ণিত ... রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, তোমরা এই শুভ্রতাকে কোনো কিছু দিয়ে পরিবর্তন করে দাও, তবে কালো রং ব্যবহার করা থেকে বিরত থাক।” -সহীহ মুসলিম: ৫৬৩১

তিন.

عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ مَوْهَبٍ قَالَ دَخَلْتُ عَلَى أُمِّ سَلَمَةَ فَأَخْرَجَتْ إِلَيْنَا شَعْرًا مِنْ شَعْرِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَخْضُوبًا ... عَنْ ابْنِ مَوْهَبٍ وَأَنَّ أُمَّ سَلَمَةَ أَرْتُهُ شَعْرَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحْمَرَ. اهـ - صحیح البخاری :

5897

“উসমান বিন আব্দুল্লাহ বিন মাওহাব রহ. বলেন, “আমি হযরত উস্মে সালামা রা. এর কাছে গেলাম। তিনি আমাদের সামনে নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একটি খেজাব লাগানো চুল বের করলেন। ... ইবনে মাওহাব বর্ণনা করেন, তাকে হযরত উস্মে সালামা রা. নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের লাল চুল দেখালেন।”

-সহীহ বুখারি: ৫৮৯৭

চার.

عَنْ عُقْبَةَ بْنِ وَسَّاحٍ، حَدَّثَنِي أَنَسُ بْنُ مَالِكٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: «قَدِمَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمَدِينَةَ فَكَانَ أَسْرًا أَصْحَابِهِ أَبُو بَكْرٍ، فَعَلَقَهَا بِالْحِجَاءِ وَالكَتْمِ حَتَّى قُنَّا لَوُثُهَا» - صحیح البخاری: 3920

“হযরত উকবা ইবনে ওসসাজ থেকে বর্ণিত, তিনি বলেন, আমার নিকট হযরত আনাস ইবনে মালেক রা. বর্ণনা করেন, ‘নবী করীম

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদিনায় এলেন, তখন তাঁর সাহাবিদের মধ্যে আবু বকর রা. ছিলেন সবচেয়ে বয়স্ক। তিনি মেহেদী ও কাতাম ঘাস দ্বারা দাড়ি রঙ্গিন করেছিলেন। এতে তাঁর দাড়ি টুকটুকে লাল রং ধারণ করেছিল।” -সহিহ বুখারি: ৩৯২০

পাঁচ.

عن ابي أُمَامَةَ الْبَاهِلِيِّ يُقُولُ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَشِيخَةٍ مِنَ الْأَنْصَارِ بِيضٌ لِحَاهُمُ، فَقَالَ: «يَا مَعَاشِرَ الْأَنْصَارِ، حَمَّرُوا وَصَفَّرُوا، وَخَالِفُوا أَهْلَ الْكِتَابِ». اهـ - رواه احمد: 22283 و المعجم الكبير للطبراني: 7924 قال الهيثمي رحمه الله : رواه أحمد، والطبراني، ورجال أحمد رجال الصحيح خلا القاسم، وهو ثقة، وفيه كلام لا يضر.. اهـ - مجمع الزوائد ومنبع الفوائد (5/ 131) وقال الشيخ الشعيب الارنوؤط: إسناده صحيح... اهـ - مسند أحمد ط الرسالة (36/ 613)

“আবু উমামা আল-বাহেলি রাদি. বলেন, একদা রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আনসারদের কতক বৃদ্ধ সাহাবির পাশ দিয়ে যাচ্ছিলেন, যাদের দাড়ি সাদা ছিল। তখন তিনি বললেন, হে আনসাররা, তোমরা (দাড়িতে) লাল ও হলুদ রং ব্যবহার করো এবং আহলে কিতাবদের বিপরীত করো।” -মুসনাদে আহমাদ ২২২৮৩

উল্লেখ্য, এ হল স্বাভাবিক অবস্থার বিধান। পক্ষান্তরে জিহাদে শত্রুর মাঝে ভীতি সঞ্চারের উদ্দেশ্যে মুজাহিদদের জন্য কালো খেজাব ব্যবহার করা জায়েয।

ইবনে আবিদিন শামী রহ. (১২৫২ হি.) বলেন,

قال النووي: ومذهبنا استحباب خضاب الشيب للرجل والمرأة بصفرة أو حمرة
 وتحريم خضابه بالسواد على الأصح لقوله - عليه الصلاة والسلام - «غيروا
 هذا الشيب واجتنبوا السواد» اه
 قال الحموي وهذا في حق غير الغزاة ولا يحرم في حقهم للإرهاب، ولعله محمل
 من فعل ذلك من الصحابة ط. - الدر المختار وحاشية ابن عابدين (رد
 المحتار) (6/756)

“ইমাম নাবাবি রহ. বলেন, আমাদের মায়হাব হচ্ছে, পুরুষ মহিলা উভয়ের জন্য পাকা চুলে হলুদ বা লাল খেজাব ব্যবহার করা মুস্তাহাব এবং বিশুদ্ধ মতানুযায়ী কালো খেজাব ব্যবহার করা হারাম। কারণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ‘তোমরা এই শুভ্রতাকে পরিবর্তন করে দাও, তবে কালো রং ব্যবহার করা থেকে বিরত থাক। হামাবি রহ. বলেন, এ বিধান মুজাহিদ ব্যতীত অন্যদের জন্য। মুজাহিদদের জন্য (কাল খেজাব) হারাম নয়, যাতে শত্রুকে ভীত সন্ত্রস্ত করা যায়। কোনো কোনো সাহাবি যে কালো খেজাব ব্যবহার করেছেন, সম্ভবত এটিই তার প্রয়োগক্ষেত্র।” -রদ্দুল মুহতার ৬/৭৫৬

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৯-০৫-১৪৪৩ হি.

১৪-১২-২০২১ ঙ.

